যুগান্তর

তারিখ ... ৪ AUG 2017 ...
পৃষ্ঠা ... কলাম ... ৭ ...

এসএসসির খাতা মূল্যায়নে ভুল

৭৭ পরীক্ষককে ঢাকা বোর্ডের শোকজ

যুগান্তর রিপোর্ট

এসএসসি পরীক্ষার খাতা মূল্যায়নে বড় ধরনের ভুল করার দায়ে ৭৭ পরীক্ষককে শোকজ নোটিশ দিয়েছে ঢাকা শিক্ষা বোর্ড। সোমবার প্রত্যেককে ওই নোটিশ দেয়া হয়। নোটিশের জবাব আগামী ৭ দিনের মধ্যে দাখিল করতে হবে।

এ ব্যাপারে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক তপন কুমার সরকার যুগান্তরকে বলেন, শোকজপ্রাপ্ত পরীক্ষকরা সর্বনিম্ন চারটি এবং সর্বোচ্চ ১২টি পর্যন্ত ভুল করেছেন। আমরা তিনটি পর্যন্ত সাধারণ ভুলকারী শিক্ষককে মাফ করেছি। কিন্তু চারটির বেশি যাদের ভুল তা ছিল মারাত্মক। বিষয়টি উত্তরপত্র পুনঃনিরীক্ষাকালে প্রমাণিত হয়েছে। এটিকে আমরা খাতা মূল্যায়নের মতো গুরুত্বপূর্ণ কাজে দায়িত্ব অবহেলা হিসেবে দেখছি। তিনি আরও বলেন, ইতিপূর্বে এ ধরনের ভুলের জন্য ভবিষ্যতে দায়িত্ব থেকে অব্যাহতি এবং কালো তালিকাভুক্ত করা হয়েছে। এছাড়া আরও কোনো ব্যবস্থা নেয়া হবে কিনা, তা শোকজের জবাব পাওয়ার পর নির্ধারণ করা হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....

চীফ, পরিসংখ্যান বিভাগ	
চীফ, ডি.এল.পি বিভাগ	
সিস্টেম এনালিস্ট	
সিস্টেম ম্যানেজার	
প্রশাসনিক কর্মকর্তা	
পি.এ.	

কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর